

## Die Anhörung im Asylverfahren – bangla Übersetzung

# আশ্রয় প্রার্থীদের জন্য সাক্ষাতের কার্যপ্রণালী

জার্মানীতে আশ্রয় প্রার্থীদের জন্য পরামর্শ

Unabhängige Asylverfahrensberatung finden Sie an diesen Orten in Bielefeld:

- Unterkunft „Oldentruper Hof“, Niedernholz 2, Bielefeld
- Unterkunft „Hotel Südring“, Gütersloher Str. 259, Bielefeld
- Zentrale Ausländerbehörde (ZAB), Am Stadtholz 26, Bielefeld

You find independent consultation on the asylum process in the EAE Bielefeld here:

- Camp “Oldentruper Hof”, Niedernholz 2, Bielefeld
- Camp “Hotel Südring”, Gütersloher Str. 259, Bielefeld
- Zentrale Ausländerbehörde (ZAB), Am Stadtholz 26

Sie können mit diesen Personen sprechen: / You can talk with:



Richard Reifengerst, 0163/7400353 (Südring/ZAB)

Olga Lakizyuk, 0178/9090486 (Hotel Südring/ZAB)



Paulina Müller, 0521/546515-77 (Hotel Südring)

Ari Faizy, 0521/546515-64 (Hotel Südring)

Katharina Bracke, 0521/546515-62 (Oldentruper Hof/ZAB)

Durcan Kaya, 0521/546515-22 (Oldentruper Hof)



Pia Villasenor, 0521 / 23828916 (Oldentruper Hof)





Fachdienste Migration  
und Integration

Jan Plöger, 0521 / 30438896 (Oldentruper Hof/ZAB)



# আশ্রয় প্রার্থীদের জন্য সাক্ষাতের কার্যপ্রণালী

## জার্মানীতে আশ্রয় প্রার্থীদের জন্য পরামর্শ



আমরা এই ছাপানো কাগজটিতে আশ্রয় প্রার্থীদের জন্য সাক্ষাতের কার্যপ্রণালী সম্পর্কে পরামর্শ দিতে চাই। সাক্ষাতকার হচ্ছে সবচেয়ে ভালো সুযোগ বলার যে-কেন আপনি আশ্রয় চাচ্ছেন। সাক্ষাতকারের উপর


ভিত্তি করে, দেশান্তর এবং উদ্বাস্তর জার্মান কার্যালয় নির্ধারণ করবে যে আপনি জার্মানীতে নিরাপত্তা পাবেন কিনা। এর জন্য আপনাকে ভালো প্রস্তুতি নিতে হবে।

সাক্ষাতকারের পূর্বে আপনার একজন আইনজীবী অথবা শরণার্থী পরামর্শ কেন্দ্রে যাওয়া উচিত। জার্মানীতে অনেকগুলো বেসরকারি প্রতিষ্ঠান আছে যারা শরণার্থীদের স্বাধীন এবং বিনামূল্যে পরামর্শ দেয়। আপনি এইসব প্রতিষ্ঠান পাবেন আপনার নিকটস্থ অভ্যর্থনা কেন্দ্র অথবা বড় শহরগুলোতে।




## আশ্রমের জন্য আবেদনপত্র জমা

আপনি আশ্রমের জন্য একটি আবেদনপত্র জমা দিতে পারেন দেশান্তর এবং উদ্বাস্তর জার্মান কার্যালয়ের যে কোন শাখায় (Bundesamt für Migration und Flüchtlinge = BAMF)। আপনি যদি আশ্রমের জন্য আবেদন করেন



কোন সরকারি সংস্থায় (পুলিশ, স্থানীয় দেশান্তর কর্তৃপক্ষ অথবা বিদেশি অতিথি অভ্যর্থনা কার্যালয় ইত্যাদি), আপনাকে পাঠানো হবে ফেডারেল কার্যালয়ের শাখায় যারা এই আবেদনপত্র দেখাশুনার দায়িত্বে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি এখনি যান ফেডারেল কার্যালয়ের যে কোন শাখায়। আপনি যদি না যান তাহলে আপনার আশ্রয় কার্যপ্রণালী ক্ষতিগ্রস্ত হতে পারে।

ফেডারেল কার্যালয়ে আপনার ব্যক্তিগত তথ্য চাওয়া হবে, আপনার ছবি তোলা হবে এবং আঙুলের ছাপ নেয়া হবে। আপনি এখন নিবন্ধিত। এটা সম্ভব আপনাকে ২৫টির মত প্রশ্ন করা হবে আপনার নিজের সম্পর্কে, আপনার নিজের দেশের শেষ বাসস্থানের সম্পর্কে, আপনার পিতা-মাতা এবং দাদা-দাদি সম্পর্কে এবং কিভাবে আপনি জার্মানিতে আসলেন। আপনার উত্তরগুলো রেকর্ড করা হবে পরবর্তী সাক্ষাতের সময় তা ব্যবহার করা হবে। যাই হোক, এটা সম্ভবনা থাকে যে আপনাকে আপনার প্রথম সাক্ষাতের সময় এইসব প্রশ্ন করতে পারে।



আপনাকে একটি প্রাথমিক বসবাসের অনুমতিপত্র দেওয়া হবে যেটা আপনার সনাক্তিকরণ হিসেবে বিবেচিত হবে। এটা আপনাকে সবসময় সাথে রাখতে হবে। এইটা থেকে জানা যাবে আপনি কোন এলাকায় থাকতে পারবেন।

আপনাকে যদি অন্য কোন বাসস্থানে দেওয়া হয় তাহলে অবশ্যই ফেডারেল কার্যালয়ে জানান আপনার নতুন ঠিকানা। আপনি আইনগতভাবে এই বিজ্ঞপ্তি দিতে বাধ্য। যদি আপনার কোন আইনজীবী থাকে বা পরামর্শকেন্দ্র সাহায্য করে তাহলে অবশ্যই আপনার নতুন ঠিকানা সম্পর্কে অবহিত করুন।

এটা গুরুত্বপূর্ণ যে আপনার আইনজীবী সবসময় আপনার সাথে যোগাযোগ করতে পারে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার নিজস্ব দেশের দুতাবাস বা অন্যান্য মিশনের সাথে যোগাযোগ করবেন না এমনকি জার্মান কর্তৃপক্ষও যদি তা করতে বলে। দুর্ভাগ্যবশত, প্রায় সময়ই জার্মান কর্তৃপক্ষ আশ্রয়প্রার্থীকে তার পাসপোর্ট দিতে বলে ফিরত পাঠানোর জন্য। আপনি এই ধরনের অনুরোধ পূরণের জন্য বাধ্য নন যতক্ষণ পর্যন্ত আপনার আশ্রয় আবেদনপত্র কোন সমাধানে না আসে। তা সত্ত্বেও যদি আপনাকে বলা হয় তাহলে একটি উদ্বাস্ত পরামর্শ কেন্দ্রে অথবা আপনার আইনজীবী সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।



কে পাবে আশ্রয় পাবার নিশ্চয়তা ?

আশ্রয় কার্যক্রমে ফেডারেল কার্যালয় পরীক্ষা করে দেখবে আপনি নিজ দেশে নির্যাতিত এবং আপনি নিজ দেশে ফিরে গেলে নির্যাতিত হতে পারেন। নির্যাতন/নিপীড়নে অন্তর্ভুক্ত হবে- বিপন্ন জীবন, সর্বাঙ্গ অথবা স্বাধীনতা বা অন্যান্য মৌলিক চাহিদা লঙ্ঘন যা সংগঠিত হয়ে থাকে জাতি, ধর্ম, জাতীয়তা, একটি নির্দিষ্ট সামাজিক গোষ্ঠির সদস্য অথবা রাজনৈতিক মতবাদের কারণে। বর্ণবাদও নির্যাতন/নিপীড়নের অন্তর্ভুক্ত।

নির্যাতন/নিপীড়ন হতে পারে সরকারি সংস্থা দ্বারা। এইটা বেসরকারি কারন দ্বারাও হতে পারে যেমন, রাজনৈতিক দল, বিদ্রোহী/রাষ্ট্রদ্রোহীদের, ধর্মীয় প্রতিষ্ঠান, স্থানীয় সম্প্রদায়, পরিবারের সদস্য দ্বারা অথবা অন্যান্য কারণে। আপনি যদি এই ধরনের নির্যাতন/নিপীড়নের স্বীকার হন তাহলে ফেডারেল কার্যালয় পরীক্ষা করে দেখবে আপনি আপনার রাষ্ট্র দ্বারা নিরাপত্তা পেতে পারতেন কিনা?

ফেডারেল কার্যালয় আরও পরীক্ষা করে দেখবে আপনার অন্য আরও কোন বিপদ আছে কিনা যদি আপনার নিজ দেশে ফিরে যেতে হয়। এইসব বিপদ হতে পারে আপনার অসুস্থতা অথবা অন্যান্য বিপদজনক বিপন্ন জীবন এবং সর্বাঙ্গ অথবা স্বাধীনতার।

আরকেটি গুরুত্বপূর্ণ প্রশ্ন হল আপনি আপনার দেশের অন্য জায়গায় গিয়ে নিরাপত্তা পেতে পারতেন কিনা? সেইক্ষেত্রে আপনাকে উদ্বাস্তু হিসেবে অবিবেচিত করা হতে পারে।

জার্মানীসহ অনেক ইউরোপিয়ান রাষ্ট্র একমত হয়েছে যে আশ্রয়প্রার্থীদের আবেদন পরীক্ষার জন্য একটিমাত্র রাষ্ট্র দায়বদ্ধ। এর মানে হতে পারে আপনার আশ্রয়প্রার্থীর আবেদন জার্মানীতে সিদ্ধান্ত নাও হতে পারে, হতে পারে অন্য কোন ইউরোপিয়ান রাষ্ট্রতে। এটার সম্ভাবনা থাকে যখন আপনি জার্মানীতে প্রবেশ করেন অন্য ইউরোপিয়ান রাষ্ট্রের ভিসা দেখিয়ে, আপনি যদি ইতমধ্যে অন্য ইউরোপিয়ান রাষ্ট্রে আশ্রয়প্রার্থী হিসেবে আবেদন করে থাকেন অথবা আপনি যদি অন্য কোন ইউরোপিয়ান রাষ্ট্রে কর্তৃপক্ষ দ্বারা নিবন্ধিত হয়ে থাকেন। একই আইন বলবৎ হবে যদি সাক্ষাতকারের সময় উল্লেখ করেন আপনি ইউরোপের প্রবেশ করেছেন একটি নির্দিষ্ট রাষ্ট্রের মাধ্যমে। যে কোনভাবে আপনার আলোচনা করা উচিত শরণার্থী পরামর্শ কেন্দ্রের একজনের সাথে অথবা আপনার আইনজীবীর সাথে - কোন সম্ভাবনা আছে কিনা যে জার্মানী সরকার আপনার আশ্রয়প্রার্থী আবেদনের জন্য দায়বদ্ধ নয়। একই বিষয় হবে যদি আপনি আপনার আশ্রয় আবেদন কার্যক্রম জার্মানী না করাতে চান। মাঝে মধ্যে এটা সম্ভব যে আপনার আশ্রয় আবেদন কার্যক্রম পরিচালনা করতে পারবেন অন্য ইউরোপিয়ান রাষ্ট্রতে।

## ফেডারেল কার্যালয়ে সাক্ষাতকার

ফেডারেল কার্যালয়ের একজন কর্মকর্তা প্রত্যেক ব্যক্তির সাথে আলাদাভাবে সাক্ষাতকারটি পরিচালনা করবে। আপনার আশ্রয় আবেদনটি এই সাক্ষাতকারের উপর বিবেচিত হবে। এটির আরেকটা কারন হলো যদি আপনি ইতিমধ্যে আপনার আবেদনের কারন অন্য কোন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করে থাকেন (যেমন-পুলিশ) অথবা অভ্যর্থনা কেন্দ্রে আপনার নিবন্ধনের সময়। আপনি ফেডারেল কার্যালয়ে সাক্ষাতের সময় যা বলবেন সেটাই চূড়ান্ত হবে।

সাধারণত সাক্ষাতকার আবেদনপত্র জমা দেওয়ার কদিন পরেই সংগঠিত হয়। তবে কিছু ক্ষেত্রে দেরী হতে পারে। ফেডারেল কার্যালয় থেকে আপনাকে লিখিতভাবে আমন্ত্রিত করা হবে সাক্ষাতকারের জন্য ("Anhörnung gemäß § 25 Asylverfahrensgesetz")। আপনি যদি নিশ্চিত না হন আপনার সাক্ষাতকার কখন হবে, তাহলে পরামর্শ কেন্দ্রের কর্মকর্তাকে জিজ্ঞাসা করুন। যদি আপনি অসুস্থতার কারনে সাক্ষাতকারে আসতে না পারেন তাহলে অবশ্যই ফেডারেল কার্যালয়কে জানান এবং একটি মেডিকেল সার্টিফিকেট প্রদর্শন করুন।


সাক্ষাতকার হল সবচেয়ে ভালো উপায় বলার জন্য কেন আপনি আশ্রয়প্রার্থী। এর জন্য আপনাকে সাক্ষাতকারে অংশগ্রহণ করা উচিত এবং ভালো প্রস্তুতি নেয়া প্রয়োজন। সাক্ষাতকারের পূর্বে গুরুত্বপূর্ণ বিষয় বিষদভাবে মনে রাখা উচিত। গুরুত্বপূর্ণ কারণগুলো আগে থেকেই লিখে রাখা উচিত। এটা আপনাকে সুসংগঠিত করে মনে রাখতে এবং কোন অপ্ৰিতিকর কিছু ঘটা থেকে সাহায্য করবে। কোন ব্যক্তিগত নোট ফেডারেল কার্যালয়ে দিবেন না এবং সাক্ষাতকারের সময় নিবেন না। এতে করে একটা বাজে পরিস্থিতি হতে পারে, ধারণা করতে পারে এটা একটা বানানো গল্প। প্রস্তুত থাকুন, আপনাকে বলতে হতে পারে ঘটনা সম্পর্কে যা আপনার জন্য বেদনাদায়ক অথবা অপমানজনক।



আপনি যদি মহিলা হন এবং কোন পুরুষ মানুষের সাথে আপনার জীবনে অতিবাহিত লাঞ্চার কথা বলতে না চান তাহলে ফেডারেল কার্যালয়ে দ্রুত যোগাযোগ করুন। মহিলাদের সাক্ষাতকারের জন্য ফেডারেল কার্যালয়ে বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা কর্মচারী আছে। ফেডারেল কার্যালয়ে আরোও আছে বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী যারা সাক্ষাতকার নেয় শিশু অথবা মানসিক বিকলাঙ্গ মানুষদের।



সাক্ষাতের সময় একজন বিশ্বস্থ্য মানুষ সহযোগী হিসেবে আপনার সাথে থাকতে পারে। যদি আপনি চান আপনার সাথে কেউ থাকবে তাহলে অতিসত্বর ফেডারেল কার্যালয়ে জানান। এটা ভালো হয় যদি আপনার সহযোগী মানুষটি জার্মানী ভাষায় কথা বলতে পারে সাথে আপনারটাও। যদিও ওই ব্যক্তি আপনার হয়ে আশ্রয়প্রার্থী হওয়ার কারন বলতে পারবেনা।



একজন অনুবাদক সাক্ষাতকারের সময় উপস্থিত থাকবে। ফেডারেল কার্যালয়কে অতিসত্বর জানান আপনি কোন ভাষায় সাক্ষাতকার দিতে চান। আপনি যেই ভাষায় কথা বলতে স্বাচ্ছন্দবোধ করেন সেই ভাষাই হওয়া ব্যবস্থা করা হবে।



নিশ্চিত হন নির্দিষ্ট সময় সাক্ষাতকারের জন্য উপস্থিত হওয়ার। আপনার যদি নিজ দেশের তথ্যমূলক প্রমাণ থাকে (যেমন- কাগজপত্র, সংবাদপত্র নিবন্ধ, কারাগার ছারপত্র), এগুলো সাক্ষাতকারে উপস্থাপন করুন। ফেডারেল কার্যালয় এই ধরনের প্রমাণ নোট করে। নিশ্চিত করুন ফেডারেল কার্যালয় আপনাকে প্রমাণ সংরক্ষণের একটি কপি দিবে। আপনি যদি মনে করেন আপনার নিজ দেশের বন্ধু অথবা আত্মীয়-স্বজন কোন গুরুত্বপূর্ণ কাগজপত্র পাঠাতে পারবে তাহলে কার্যালয়ে জানান। প্রমাণ হিসেবে কাগজপত্র অনেক সাহায্যকারী হতে পারে। যাই হোক, সাক্ষাতকারের সময় যাই বলবেন তাই আশ্রয়প্রার্থী কার্যপ্রণালীর চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গন্য হবে। কোন ধরনের জাল/ভুয়া কাগজপত্র জমা দিবেন না। জাল কাগজপত্র বেশিরভাগ ক্ষেত্রে ধরা পরে যায় এবং এটা বাজেভাবে আপনার কার্যপ্রণালীকে প্রভাবিত করতে পারে।

অনুবাদককে যা আপনি বলবেন সবকিছু বিস্তারিত অনুবাদ করতে হবে। অনুবাদকের কাজ হচ্ছে শুধুমাত্র আপনি যা বলবেন তা অনুবাদ করা এবং আপনার সামনে প্রশ্ন উপস্থাপন করা যা কার্যালয়ের কর্মকর্তা দ্বারা আপনাকে করা হবে। সে, কোন ব্যথ্যা বা কোন অতিরিক্ত তথ্য উপস্থাপন করতে পারবে না। আপনি যদি মনে করেন অনুবাদক তার দায়িত্ব পালন করতে পারছেন তাহলে কর্মরত কর্মকর্তাকে জানান। যদি এই অনুবাদক দারা গুরুত্বপূর্ণ যোগাযোগের সমস্যা হয়, তাহলে অন্য অনুবাদকের জন্য আবেদন করুন। নিশ্চিত করুন যে কোন অভিযোগ যেন রেকর্ড করা হয়।



সাক্ষাতকারটি সাধারণত ২৫টি প্রশ্নের মাধ্যমে শুরু হয়। এই প্রশ্নগুলো হলো আপনার ব্যক্তিগত জীবনের, আপনার ব্যক্তিগত পরিস্থিতির, - আপনার স্বামী বা স্ত্রী, সন্তান, পিতা-মাতা এবং দাদা-দাদি, ঠিকানা এবং পেশা-আপনি কিভাবে জার্মানী আসলেন। যদি এই প্রশ্নগুলো আপনার আশ্রয়প্রার্থী হিসেবে নিবন্ধন করার সময় হয়ে থাকে তাহলে, কার্যালয়ের কর্মকর্তা শুধুমাত্র যে বিষয় পরিষ্কার হওয়া দরকার তা নিয়ে কথা বলবেন। শুধুমাত্র কর্মকর্তার প্রশ্নের উত্তর দিন যদি আপনি নিশ্চিত বুঝে থাকেন। প্রয়োজন হলে কর্মকর্তাকে প্রশ্ন পুনরায় বলতে বলেন। নিশ্চিত করুন আপনি যে উত্তরগুলো দিলেন তা যেন অভ্যর্থনা কেন্দ্রে সরবারহকৃত উত্তরের সাথে মিলে। এমনকি আপনার বিন্দু পরিমাণ ভুলও যথেষ্ট ফেডারেল কার্যালয়ের নিকট বিবৃতি সন্দেহের জন্য।

আপনি যদি জার্মানিতে স্থলপথে না আসেন তাহলে অবশ্যই এখানে কিভাবে আসলেন তা বিষদভাবে বর্ণনা করুন। এটা বিশেষ গুরুত্বপূর্ণ যদি আপনি উড়ন্তপথে জার্মানিতে আসেন। আপনার যদি কাগজপত্র থাকে যা প্রমাণ করে যে আপনি উড়ন্তপথে জার্মানি এসেছেন (ফ্লাইট টিকেট, বোর্ডিং পাস), আপনার উচিত সেগুলো ফেডারেল কার্যালয়ে জমা দেওয়ার।

তারপর আপনাকে বলার সুযোগ দেওয়া হবে কেন আপনি আপনার দেশ ত্যাগ করলেন। আপনার উচিত সঠিকভাবে নিপীড়নের কথা বর্ণনা করা, আপনি আপনার দেশে যার সম্মুখীন হয়েছেন (জেলখানা, শারীরিক নির্যাতন ইত্যাদি) অথবা অন্যকোন কারন যা আপনাকে আপনার দেশ ছাড়তে বাধ্য করেছে। একটি বিষদ ব্যখ্যা বাড়িয়ে দেয় প্রত্যাশাকে কর্মকর্তার বিশ্বাস করার। বর্ণনা করুন কেন আপনি ভীত, কি হতে পারে যদি আপনি আপনার দেশে ফিরে যান। আপনার নিজ দেশের সাধারণ রাজনৈতিক অবস্থা বর্ণনা করবেন না যতক্ষন পর্যন্ত আপনাকে বলা না হবে।

সাক্ষাতের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আপনার আবেদনের কারনসমূহ সঠিকভাবে তুলে ধরা এবং মূল বিষয় থেকে পথভ্রষ্ট না হওয়া। সঠিকভাবে প্রশ্নের উত্তর দিন ঘুরানো পেচানো কথা বলবেন না। মনে রাখবেন অস্পষ্ট এবং জটিল বিবৃতি অনুবাদের সময় ভুলবোঝার দিকে প্রভাবিত করে।


আশ্রয়প্রার্থীদের মধ্যে প্রায়শই 'গল্প' নিয়ে আসে যা ফেডারেল কার্যালয় দ্বারা ধরা পড়ে যায়। "গল্প"! দিয়ে পথভ্রষ্ট করবেন না। ফেডারেল কার্যালয়ের কর্মকর্তারা আপনার দেশের পরিস্থিতি জানে এবং বেশিরভাগ ক্ষেত্রে তারা ধরতে পারে যে গল্পটি বলা হল তা বানোয়াট। যদি এটা হয় তাহলে তারা আপনার সত্যিকারের তথ্যটাকে বিশ্বাস নাও করতে পারে।

আপনি যদি অসুস্থ হন তাহলে উচিত ফেডারেল কার্যালয়কে তা জানান, বিশেষ করে আপনি যদি এমন দেশ থেকে আসেন যেখানে দুর্বল স্বাস্থ্য ব্যবস্থা অথবা আপনি চিকিৎসার খরচ বহন করতে অপারগ। মাঝেমধ্যে কর্মকর্তা আপনার কেসের সাথে সম্পর্কিত নির্দিষ্ট কোন বিষয় নিয়ে প্রশ্ন করবে। যাই হোক শুধুমাত্র এই উত্তরগুলোর মধ্যে নিজেকে সীমাবদ্ধ করলে চলবেনা। আপনার উচিত সবধরনের গুরুত্বপূর্ণ বিষয় বিষদ আকারে উপস্থাপন করা, যদিও কর্মকর্তা ইশারা দেয় কিছু বর্ণনা তার কাছে গুরুত্বপূর্ণ নয়।

সময় নিন এবং আপনার উপর চাপ প্রয়োগ করতে দিবেন না। প্রয়োজনে সাক্ষাতকার বন্ধ করে দেওয়া যেতে পারে এবং আবার চলতে পারে একটি বিরতির পর অথবা অন্যকোন দিনে।

সাক্ষাতকারটি দিয়ে কর্মকর্তা একটি সংক্ষিপ্ত প্রতিলিপি তৈরী করবে। সে সাক্ষাতকারের সময় প্রতিলিপি টেপে ধারণ করবে। অতপর প্রতিলিপি মুদ্রাক্ষরে লিপিবদ্ধ হবে।

প্রতিলিপিটা অবশ্যই পুরোটা বাক্য পুনরায় অনুবাদ করা হবে। সাধারণত সাক্ষাতকারের ছোট একটি অংশে এটি করা হয়ে থাকে। আপনি যদি কোন ভুল অথবা ভুল বুঝছে এমন কিছু শুনতে পান তাহলে জোড় দিয়ে বলেন ঠিক করার জন্য। নিশ্চিত করুন যে ভুল সংশোধন করা হয়েছে সংশোধন হিসেবে এবং নথি কোন পরিবর্তন হয়নি।



সাক্ষাতকারের শেষে আপনাকে স্বাক্ষর দিতে বলা হবে যেখানে লেখা থাকবে আপনাকে আপনার কেসের সকল গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করার সুযোগ দেওয়া হয়েছিল, যেখানে যোগযোগের কোন সমস্যা ছিলনা এবং প্রতিলিপি আপনার নিজ ভাষায় পড়ে শুনানো হয়েছে। আপনার স্বাক্ষর করা উচিত যদি কোন উপযুক্ত আপত্তি না থাকে সাক্ষাতকার হওয়ার সময়। আপনি যদি সন্তুষ্ট না হন আপনার অনুবাদকের উপর অথবা প্রতিলিপির উপর তাহলে স্বাক্ষর করবেন না। সেই ক্ষেত্রে আপনার অতিসত্বর একজন আইনজীবী অথবা শরণার্থী পরামর্শ কেন্দ্রের কর্মচারীর কাছে আপনার অভিযোগ বলতে হবে।

আপনার প্রতিলিপির একটি কপি সাথে সাথে অথবা ফেডারেল কার্যালয় কোন সিদ্ধান্ত নেওয়ার আগে চাইতে হবে। আপনার উচিত আপনার আইনজীবীকে প্রতিলিপির একটি কপি দেওয়া। প্রতিলিপিটি আবার ভালোভাবে দেখুন এবং যদি কোন ভুল থাকে আপনার আইনজীবীকে জানান। যদি আপনার কোন আইনজীবী না থাকে তাহলে ফেডারেল কার্যালয়ে যে ভুল হয়েছে তা সংশোধনের জন্য শরণার্থী পরামর্শ কেন্দ্রের সাহায্য চান।



## ফেডারেল অফিস-এর সিদ্ধান্ত

আপনি ফেডারেল কার্যালয়ের সিদ্ধান্ত লিখিত আকারে পাবেন। এই কারণে আপনাকে প্রত্যেকদিন চেক করতে হবে ফেডারেল কার্যালয় থেকে আপনার গ্রহনকেন্দ্রে কোন চিঠি আসছে কিনা (Aufnahmeeinrichtung)।

ইতিমধ্যে যদি আপনার আইনজীবী থাকে তাহলে ফেডারেল কার্যালয় তাদের সিদ্ধান্ত তার কাছে পৌঁছে দেবে। নিশ্চিত করুন আপনার আইনজীবী যেন যেকোন সময় আপনার কাছে পৌঁছাতে পারে।



আশ্রয়ের জন্য আবেদন যদি বাতিল (Ablehnung) হয়ে যায় তাহলে আপনার অধিকার আছে এই সিদ্ধান্তের বিরুদ্ধে কোর্টে আপিল করার। সেই ক্ষেত্রে খুব কম সময় পাবেন কোন কিছু করার। আপনার আবেদন যদি “প্রকাশ্যে ভিত্তিহীন” (“offensichtlich unbegründet”) এই বলে বাতিল হয় তাহলে এক সপ্তাহের মধ্যে একটি লিখিত আবেদন কোর্টে দাখিল করতে হবে। অন্য কোন কারণে আশ্রয় আবেদন বাতিল হলে দুই সপ্তাহ সময় পাবেন কিছু করার। এর জন্য আপনার উচিত সাথে সাথে সম্ভব হলে একি দিনে উকিল বা শরণার্থী পরামর্শ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার আবেদন “গ্রহণযোগ্য নয়” (“unzulässig”) অথবা “অপ্রাসঙ্গিক” (“unbeachtlich”) এই বলে বাতিল হয়, তাহলে বুঝতে হবে ফেডারেল কার্যালয় আপনার কেসটি পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা করেনি কারণ তারা মনে করছে অন্য ইউরোপিয়ান রাষ্ট্র আশ্রয়প্রার্থী আবেদনটির জন্য দায়বদ্ধ। সেই ক্ষেত্রে সিদ্ধান্ত নির্দেশ করে যে আপনি রাষ্ট্রকে প্রশ্নের সম্মুখীন অপসারিত করেছেন। সেই রাষ্ট্রে তখন আপনি আশ্রয়প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন। আপনার উচিত জার্মানী ত্যাগ করার পূর্বে সেই রাষ্ট্রের শরণার্থী পরামর্শ কেন্দ্রের ঠিকানা যোগাযোগ করা। জার্মানীর শরণার্থী পরামর্শ কেন্দ্র এই ক্ষেত্রে আপনাকে সাহায্য করবে।



### Impressum

Herausgeber: Informationsverbund Asyl und Migration e.V., Greifswalder Str. 4, 10405 Berlin, kontakt@asyl.net, www.asyl.net  
V.i.S.d.P.: Michael Kalkmann, c/o Informationsverbund Asyl und Migration  
Erstellt in Zusammenarbeit mit Info-Bus für Flüchtlinge München.  
© 2009 Informationsverbund Asyl und Migration • Unveränderte und vollständige Vervielfältigung und Weitergabe ist gestattet.